

## নিত্যপণ্যের দাম নিয়ন্ত্রণে কাজ করছে সরকার : কৃষিমন্ত্রী

ময়মনসিংহ প্রতিনিধি

কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মো. আবদুর রাজ্জাক বলেছেন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে বাণিজ্য,



খাদ্য, কৃষি ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সমন্বিতভাবে কাজ করছে। দেশে পর্যাপ্ত খাদ্য মজুদ আছে। ওএমএস, টিসিবিসহ বিভিন্ন খাদ্যবান্ধব কর্মসূচি চালু রাখা হয়েছে। গতকাল ময়মনসিংহে বিএডিসির ট্রেনিং সেন্টার উদ্বোধন শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। তিনি বলেন, বাজারে কৃত্রিম সংকট তৈরিকারীদের আইনের আওতায়

আনতে হবে। অহেতুক সরকারকে বেকায়দায় ফেলতে আন্দোলনের নামে বিএনপি পুলিশের ওপর হামলা চালাচ্ছে। বিএডিসির ট্রেনিং সেন্টার উদ্বোধন শেষে 'বিদ্যমান শস্য বিন্যাসে তৈল ফসলের অন্তর্ভুক্তি এবং ধান ফসলের অধিক ফলনশীল জাত সমূহের উৎপাদন বৃদ্ধি' শীর্ষক কর্মশালায় যোগ দেন ড. আবদুর রাজ্জাক। কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. সায়েদুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় আনোয়ারুল আবেদীন খান এমপি, কাজীম উদ্দিন আহমেদ ধনু এমপি, সিটি মেয়র ইকরামুল হক টিটু, বিএডিসি চেয়ারম্যান এ এফ এম হায়াতুল্লাহ, ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর প্রমুখ উপস্থিত ছিলেন।

তারিখঃ ২০-০৯-২০২২ (পৃঃ ১৫)

## না খেয়ে কোনো মানুষ মারা যায়নি : কৃষিমন্ত্রী

■ ময়মনসিংহ প্রতিনিধি

দেশে খাদ্যের জন্য কোনো হাহাকার নেই বলে মন্তব্য করেছেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। তিনি বলেন, না খেয়ে কোনো মানুষ মারা যায়নি। তবে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে কিছু খাদ্যের দাম বেড়েছে। এর জন্য দেশের কিছু মানুষ কষ্টে আছেন। তাদের কষ্ট দূর করার জন্য সরকার বিভিন্ন খাদ্যবান্ধব কর্মসূচি চালু রেখেছে। সরবরাহ ও চাহিদার ওপর ভিত্তি করে সরকার নির্দিষ্ট দাম নির্ধারণ না করে বাজার পর্যবেক্ষণের মাধ্যমে চালের দাম নিয়ন্ত্রণের চেষ্টা করছে।

গতকাল সোমবার বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন (বিএডিসি) ময়মনসিংহের সার্কেল অফিস কাম ট্রেনিং সেন্টারের উদ্বোধন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এসব কথা বলেন। নগরীর ঢোলাদিয়া এলাকায় সেন্টারের ভবন নির্মাণকাজ বাস্তবায়ন করে বিএডিসি।

বিএডিসির ট্রেনিং সেন্টারের উদ্বোধন শেষে নগরীর টাউনহলের অ্যাডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে অনুষ্ঠিত 'বিদ্যমান শস্য বিন্যাসে তৈল ফসলের অন্তর্ভুক্তি এবং ধান ফসলের অধিক ফলনশীল জাতসমূহের উৎপাদন বৃদ্ধি' শীর্ষক কর্মশালায় যোগ দেন মন্ত্রী।